

**২০২২**  
**বাংলা**  
**(সাম্মানিক)**

(সি বি সি এস পদ্ধতি অনুষায়ী নতুন পাঠক্রম)

ষষ্ঠ সেমেষ্টার

কোর্স কোড : BENG-H-CC-T-14

(সংস্কৃত সাহিত্যের ইতিহাস, ইংরেজি সাহিত্যের ইতিহাস ও লোকসাহিত্য)

পূর্ণমান : ৬০

সময় : ২:৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

বিঃ দ্রঃ- A4 সাইজ কাগজের ১০ থেকে ১২ পৃষ্ঠার মধ্যে উত্তর লেখা  
বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $2 \times 10 = 20$

- ক) জয়দেবের ‘গীতগোবিন্দ’-এর যে কোনো দুটি সর্গের নাম  
এবং তার অর্থ লেখো।
- খ) কালিদাসের ‘রঘুবংশম’কে মহাকাব্য বলা হয় কেন?
- গ) ভাসের লেখা নাটকগুলি কে, কবে, কোথা থেকে উদ্বার  
করেছিলেন?
- ঘ) জন মিল্টন কোন্ সময়ের কবি? তিনি কোন্ সাহিত্য  
আন্দোলনের পৃষ্ঠপোষক ছিলেন?

(পরের পাতায়)

- ঙ) শেক্সপিয়ারের প্রধান নাটকগুলি কোন্ থিয়েটার হলে প্রথম  
অভিনীত হয়? সেই হলের বিশিষ্টতা কী কী ছিল?
- চ) ‘What the thunder said’ কবিতাটি কার লেখা? কোন্  
কাব্যগ্রন্থের অন্তর্গত?
- ছ) ‘The Old Curiosity Shop’ কার লেখা? এই রচনার  
প্রধান দুটি বৈশিষ্ট্য লেখো।
- জ) একটি উদ্ভুত (nonsense) ছড়ার উদাহরণ দাও।
- ঝ) তোমার জানা একটি প্রবাদের আক্ষরিক অর্থ ও গৃহ অর্থ  
লেখো।
- ঝঃ) ময়মনসিংহগীতিকার যে কোনো একটি পালা এবং তার  
প্রধান দুটি চরিত্রের নাম লেখো।
- ট) একটি প্রচলিত বাংলা লোকগীতির প্রথম দু’টি লেখো।
- ঠ) শেক্সপীয়ারের ‘টেম্পেস্ট’ নাটকের দুটি চরিত্রের নাম  
লেখো।
- ড) চার্লস ডিকেপ্সের ‘এ টেল অফ টু সিটিজ’ উপন্যাসে কোন্  
দুটি শহরের কথা বলা হয়েছে?
- ঢ) বাণভট্টের ‘হর্ষচরিত’ থেকে কোন্ রাজসভার কথা বলা  
হয়েছে?
- ণ) জয়দেব কোন্ সময়ের কবি? তাঁর বাসস্থান কোথায় ছিল?
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $5 \times 4 = 20$
- ক) পি বি শেলীর কাব্য বৈশিষ্ট্য সংক্ষেপে লেখো।
- খ) কৌট্সের ‘Hyperion’ কাব্য সম্বন্ধে লেখো।

- গ) ভবভূতির ‘উত্তররামচরিত’ নাটকের মূল উৎস উল্লেখ করে এর বিশিষ্টতাগুলি দেখাও।
- ঘ) শুন্দর কোন্ সময়ের নাট্যকার? ‘মৃচ্ছকটিকম্’ নাটকে তৎকালীন সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপট কেমনভাবে প্রস্ফুটিত হয়েছে, দেখাও।
- ঙ) লোকগীতির মধ্যে সমসাময়িকতা স্পষ্টভাবে প্রতিফলিত হয় — এই কথার যাথার্থ্য নির্ণয় করো (কয়েকটি লোকগীতির উদাহরণ দিতে হবে)।
- চ) তোমার এলাকায় প্রচলিত যে কোনো পাঁচটি ধাঁধা লেখো এবং তার ব্যাখ্যা লেখো।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $10 \times 2 = 20$
- ক) কালিদাস কতগুলি কাব্য রচনা করেছিলেন? কাব্যগুলির নাম উল্লেখ করে সংক্ষৃত সাহিত্যে তাঁর গুরুত্ব আলোচনা করো।
- খ) ‘বার্ণাড শ’ তাঁর নাটকে একটি যুগের চেতনা ও আকাঙ্ক্ষাকে শৈলিকভাবে প্রকাশ করেছেন — তাঁর নাটকগুলি উল্লেখ করে এই কথার মর্মার্থ বিশ্লেষণ করো।
- গ) বাংলা ধাঁধার মধ্যে একদিকে সমষ্টিচেতন, অন্যদিকে লোকসাধারণের মননের চিহ্ন পাওয়া যায়। — উদাহরণসহ এই কথাটির ব্যাখ্যা করো।
- ঘ) প্রবচন কাকে বলে? প্রবচনের মধ্যে বাঙালীর ইতিহাসের উপাদানগুলি সঞ্চিত আছে — উদাহরণসহ ব্যাখ্যা করো।
-